

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স- ১৩৮৪

করবুক, ২৬ সেপ্টেম্বর, ২০২৪

করবুক মহকুমাভিত্তিক পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী

যতনবাড়ি টাউনহলে আজ এক অনুষ্ঠানে করবুক মহকুমাভিত্তিক পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উদযাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করেন করবুক মহকুমার মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ডিসিএম ভিক্টর দেববর্মা, সমাজসেবী ভাস্কর ভট্টাচার্য প্রমুখ। অনুষ্ঠানে স্থানীয় শিল্পীগণ দেশাত্মবোধক সংগীত ও ভজন পরিবেশন করেন। অনুষ্ঠানে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জীবনীর উপর একটি তথ্যচিত্র প্রদর্শিত হয়। অনুষ্ঠান শেষে পন্ডিত দীনদয়াল উপাধ্যায়ের জন্মজয়ন্তী উপলক্ষে আয়োজিত বসে আঁকো প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন এলাকার বিশিষ্ট নাগরিক কালাচাঁন বণিক।

\*\*\*\*\*